APR 24 2002

তারিখ ...
পৃষ্ঠা ১৮ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

# রাঙ্গামাটিতে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনে সরকারী স্থগিতাদেশের প্রতিবাদে মিছিল-সমাবেশ

রাঙ্গামাটি সংবাদদাতা ।। রাঙ্গামাটিতে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের কাজে সরকারী স্থগিতাদেশের প্রতিবাদে সর্বদলীয় সংগ্রাম পরিষদ গঠন করে রাঙ্গামাটিতে আন্দোলন কর্মসূচী ঘোষণা করা হবে বলে সরকারকে সতর্ক করে দেয়া হয়েছে। গত বুধবার রাঙ্গামাটি জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বিএনপি-জামায়াতজোট সরকার কর্তৃক রাঙ্গামাটি বিশান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অন্যত্র সরিয়ে নেয়ার প্রতিবাদে আয়োজিত বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ থেকে আওয়ামী লীগ নেতৃবৃন্দ এ ঘোষণা দেন।

শিক্ষা মন্ত্রণালয়ের সাম্প্রতিক প্রজ্ঞাপনে রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রকল্পটি স্থগিত ঘোষণা (১০ম পৃঃ দ্রঃ)

## রাঙ্গামাটিতে বিজ্ঞান

(১২শ পৃঃ পর)

করায় প্রেসিডেন্ট ও চ্যান্সেলর উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালক প্রফেসর মুঃ সিকদার খানকে প্রকল্প পরিচালকের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করেছেন বলে জানানো হয়েছে। অব্যাহতির পর তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক পদে প্রত্যাবর্তন করবেন।

গত বুধবার সাবেক সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি দীপংকর তালুকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত এ প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন সাবেক মহিলা এমপি সুদীপ্তা দেওয়ান, সাবেক জেলা পরিষদ চেয়ারম্যান চিংকিউ রোয়াজা, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ডাঃ আশুতোষ বড়ুয়া, মহিলা আওয়ামী লীগের সভানেত্রী জে এফ আনোয়ার বিনু, যুবলীগের সভাপতি সাখাওয়াৎ হোসেন রুবেল ছাত্রলীগের সাধারণ সম্পাদক আকবর হোসেন, ছাত্রনেতা দিদারুল আলম দিদার প্রমুখ। প্রতিবাদ সমাবেশে দীপংকর তালুকদার বলেন, বিএনপি-জামাত সরকার ক্ষমতায় যাবার পর থেকে পার্বত্য চট্টগ্রাম নিয়ে একের পর এক নেতিবাচক কাজ করে যাচ্ছে। এ অঞ্চলের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আশা-আকাংক্ষাকে পদদলিত করে সরকার রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অন্যত্র সরিয়ে নেবার ষড়যন্ত্র শুরু করেছে। দীপংকর তালুকদার বলেন, সম্প্রতি পার্বত্য চট্টগ্রামের নিজস্ব জোতভূমি থেকে কাঠ আহরণ ও বিক্রয়ের উপর নিষেধাজ্ঞা আরোপের ষড়যন্ত্র করা হচ্ছে। কাপ্তাই হ্রদের পানি সঠিক সময়ে না কমিয়ে প্রান্তিক চাষাবাদের সুযোগ থেকে বঞ্চিত করা হচ্ছে। ভিজিএফ কর্মসূচী না থাকায় পার্বত্য চট্টগ্রামে কার্যত নীরব দুর্ভিক্ষ বিরাজ করছে। তিনি পার্বত্য শান্তি চুক্তি যথাযথ বাস্তবায়নের দাবী জানিয়ে পার্বত্য চট্টগ্রাম নিয়ে সরকারের নেতিবাচক দৃষ্টিভঙ্গীর বিরুদ্ধে সকল রাজনৈতিক দল, পেশাজীবী সংগঠনসহ দলমত নির্বিশেষে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান।